

রিবন রায়হান-এর ছড়া

সিডনী কালচার

৯টার আগে নয় ৩টার পরে
ট্রেনের টিকেট কাটতে হবে
নইলে বাড়তি খরচ হবে
অকারণে হাঁটতে হবে ।

চলতে ফিরতে বলুন 'হাই'
'নো ওয়ারিজ' 'মাইট'
ভুলে যাবে সবাই আপনাকে
হলে 'আউট অব সাইট' ।

সেল-এ কিনুন জিনিসপত্র
ক্যাটালগ-এ রাখুন চোখ
দামী জিনিস কম দামে কিনে
জীবনটা আপনার সুখের হোক ।

টিকেট ছাড়া ঘুরলে ফাইন
ওয়েদারটা ভালো ফাইন
ময়লা ফেলবেন ডাস্টবিনে
এটাই সিডনীর আইন ।

গরম পানি লাগাবেন না চুলে
কাজের কথা জিগাবেন না ভুলে
শ্রেম্টিজ রাখুন শিকেয় তুলে
কাজ পেলেই পড়ুন বুলে ।

৫ রুমের বাড়িতে-

১টাই পাবেন বাথরুম
চোর-ডাকাতের ভয় কম
নিশ্চিন্ত দিন ম্যারাথন ঘুম ।

সাথে রাখলে ব্যাংক কার্ড
নগদ টাকার দরকার নেই
মিছিল মিটিং চোখে পড়ে না
ভাববেন না দেশে সরকার নেই ।

দেখার আছে অনেক কিছুই
হারবার ব্রিজ অপেরা হাউস
যাদুঘর বোটানিক গার্ডেন
মার্কেটগুলো চাউস চাউস ।

চারপাশে কেবল চাইনীজ জিনিস
চীনা মানুষও প্রচুর ভাই
পি আর পেলেই খুশি সবাই
আর যেন কোন চিন্তা নাই ।

ribonraihan@yahoo.com